

উরয়নের অক্সিজেন রাজস্ব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর
৪৫০, জিএল রায় রোড, পূর্ব কামাল কাছনা, রংপুর।
লাইসেন্স শাখা
www.rangpurvat.gov.bd

জনকল্যাণে রাজস্ব

অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য ডিজিট
করুন www.vat.gov.bd

বিজ্ঞপ্তি

এতদ্বারা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর আওতাধীন উত্তরা ইপিজেড, নীলফামারী এর জন্য সিএন্ডএফ এজেন্ট লাইসেন্স গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে জানানো যাচ্ছে যে, কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ এর নির্ধারিত ফরম-ক এ প্রয়োজনীয় কাগজপত্রসহ অতিরিক্ত কমিশনার, লাইসেন্সিং কর্তৃপক্ষ, রংপুর বরাবরে আগামী ০২/০২/২০২০ খ্রি: তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদন পত্রের সাথে নিয়বর্ণিত কাগজপত্র/দলিলাদি দাখিল করতে হবে। কোন অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনার জন্য গৃহীত হবে না এবং আবেদনপত্র ও পেশকৃত ডকুমেন্টস পরীক্ষাতে প্রাথমিকভাবে সঠিক প্রাপ্ত সাপেক্ষে আবেদনকারীকে পরবর্তীতে নিয়লিখিত বিষয়ের উপর লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ডাকা হবে।

বিষয়সমূহ: ০১। কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০১৬;

০২। Customs Act, 1969;

০৩। বন্দর কর্তৃপক্ষের আইন;

০৪। Foreign Exchange (Regulation) Act, 1974;

০৫। মূল্য সংযোজন কর ও সম্পূর্ণ শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূর্ণ শুল্ক বিধিমালা, ২০১৬;

০৬। Import and Export Control Act, 1950;

০৭। আমদানি নীতি আদেশ ও রপ্তানি নীতি আদেশ;

০৮। পণ্য ও যানবাহন চলাচল সংক্রান্ত আন্তর্জাতিক প্রটোকল;

০৯। অফিসিয়েল সিক্রেটী এ্যাস্ট;

১০। পণ্য পরিবহন, শিপিং ব্যাংকিং পদ্ধতি;

১১। কম্পিউটারাইজড বা ইলেক্ট্রনিক বা এ্যাসাইকুড পদ্ধতিতে আমদানি-রপ্তানি চালান প্রক্রিয়াকরণ/নিষ্পত্তি বিষয়ক মৌলিক জ্ঞান।

০২। আবেদনের সঙ্গে যে সকল কাগজপত্র/দলিলাদি সংযুক্ত করতে হবে তার তালিকা:

০১। ২০/- টাকার কোটি ফি সম্বলিত কোম্পানির প্রাপ্তি আবেদন;

০২। পূরণকৃত নির্ধারিত ফরম-ক;

০৩। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;

০৪। আর্থিক স্বচ্ছতার স্বপক্ষে ব্যাংকের সনদপত্র;

০৫। ই-টিআইএন সনদপত্র;

০৬। আয়কর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সর্বশেষ নিরূপিত আয়ের সার্টিফিকেট বা আয়কর নির্ধারণী আদেশের (আই.টি-৮৮) কপি;

০৭। Customs Act, 1969, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১, আমদানি ও রপ্তানি নীতি এবং কাস্টমস প্রক্রিয়া সম্পর্কে বাস্তব অভিজ্ঞতার প্রমাণ সম্পর্কিত প্রত্যয়ন পত্র (যদি থাকে);

০৮। অনুন্ন মাত্রক বা সমমানের ডিগ্রীর সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

০৯। চারিত্রিক সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

১০। কোম্পানি/অংশিদারি কারবারের মেমোরেন্ডাম/চুক্তিপত্র এর সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

১১। লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে লাইসেন্স ফি বাবদ ৫০০/- (কোড: ১-১১৩৩-০০৪৫-১৮৫৪) এবং লাইসেন্স ফি এর উপর ১৫% মূল্য

সংযোজন কর (মুসক) বাবদ ৭৫০/- টাকার (কোড: ১-১১৩৩-০০৪৫-০৩১১) অফেরতযোগ্য ট্রেজারী চালানের মূল কপি;

১২। আবেদনকারীকে আবেদনপত্রের সহিত নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে যে, আবেদনকারীর অনুকূলে ব্যক্তি মালিকানাধীন বা অংশীদারী বা যৌথ মালিকানাধীন বা কোম্পানির নামে ইতোপূর্বে এই বিধিমালার অধীন কোন লাইসেন্স প্রদান করা হয় নাই;

১৩। লাইসেন্সের অধীন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে অফিস সংশ্লিষ্ট স্থান, স্থাপনা ভাড়ার চুক্তিপত্র বা উক্ত স্থান ও স্থাপনার মালিকানার স্বপক্ষে দলিলপত্র;

১৪। আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিনি) কপি রাখিন ছবি;

১৫। প্রতিষ্ঠানের মুসক (VAT) নির্বাকনের সত্যায়িত অনুলিপি।

বিঃ দ্রঃ [প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদি/দলিলাদি পর্যালোচনাত্তে কোন অসত্য/বিবৃতি/মিথ্যা তথ্য পাওয়া গেলে লাইসেন্স কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে আবেদনপত্রটি বাতিলের ক্ষমতা রাখেন।]

ই-নথি নং- ০৮.০১.৮৫০০.২১১.৬৪.০০১.২০/২১১৯.

অনুলিপি বিতরণ:

০১। নোটিশ বোর্ড, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট/বিভাগ, রংপুর/নীলফামারী।

তা
ক

(মো: আব্দুল মামান সরদার) 2020

অতিরিক্ত কমিশনার ও

সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ, রংপুর।

e-mail: cevrangcom@yahoo.com

তা
রিখ: ১১/০১/২০২০ খ্রিস্টাব্দ।

তা
ক

(মো: আব্দুল মামান সরদার) 2020

অতিরিক্ত কমিশনার ও

সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ, রংপুর।